

Publication:- Ebela

Date:- 1st December 2017

Page No:- 06

Seminar on Child First, Safety First organized by The Bengal Chamber in association with Early Childhood association on 30th November 2017

বালক



প্রতিবাদ: বৃহস্পতিবার বোস ইনস্টিটিউটে গবেষকদের বিক্ষোভ। ■ নিজস্ব চিত্র

বোস ইনস্টিটিউটে আন্দোলন গবেষকদের

ক্যাম্পাসে যৌন হেনস্থায় অভিযুক্ত অধ্যাপকের শাস্তি এবং তদন্ত কমিটির রিপোর্ট দ্রুত প্রকাশের দাবিতে বৃহস্পতিবার গবেষকেরা বিক্ষোভ দেখালেন সত্যেন্দ্রনাথ বোস ন্যাশনাল সেন্টার ফর বেসিক সায়েন্সে। গবেষকদের পক্ষে শুভদীপ চক্রবর্তী জানান, কতৃপক্ষ প্রতিশ্রুতি দিয়েছেন তিনমাসের মধ্যে রিপোর্ট প্রকাশিত হবে এবং ছ'মাসের মধ্যে ব্যবস্থা নেওয়া হবে। আন্দোলনে পাশে দাঁড়িয়েছে গবেষক সংগঠন ডেমোক্রেটিক রিসার্চ স্কলার অর্গানাইজেশন। অভিযুক্ত অধ্যাপকের বিরুদ্ধে যৌন নির্যাতনের অভিযোগ করেছিলেন গবেষণারত এক ছাত্রী। ■

স্কুলে মারধর ও যৌন হেনস্থা নিয়ে উদ্বেগ

স্কুলে মারধর করে শাস্তি দেওয়া এবং শিশুদের যৌন হেনস্থার ঘটনা নিয়ে উদ্বেগপ্রকাশ করলেন বিশিষ্টজনের একাংশ। বৃহস্পতিবার বণিকসভা বেঙ্গল চেম্বার অফ কমার্সে শিশুদের শিক্ষা ও জ্ঞান অর্জনের উপযুক্ত পরিবেশ তৈরির বিষয়ে আলোচনা সভায় এই মত জানান তাঁরা। বক্তৃতা করেন পুলিশ কমিশনার রাজীব কুমার, সমাজকর্মী অলকানন্দা রায়-সহ বিশিষ্টেরা। ■